গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোছা: সুলতানা পারভীন<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। |
| তারিখ | : | ২৬/০৬/২০১৭ খ্রিঃ, সময়ঃ- দুপুর: ১২.১৫ ঘটিকা। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, কুড়িগ্রাম জেলা একসময় মঙ্গাপীড়িত এলাকা হিসেবে সারা দেশে পরিচিত ছিল। প্রতিবছর বন্যা ও নদী ভাঙ্গনে এ এলাকার বিপুল সংখ্যক মানুষ ক্ষতিগ্রস্থ হয়। বন্যা এ জেলার জন্য একটি নিত্য নৈত্তিত্তিক ঘটনা। ভৌগোলিক কারণে এখানে প্রতিবছর বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। হাজার হাজার মানুষ বন্যাকবলিত হয়ে মানবেতর জীপন যাপনে বাধ্য হন। এ জনপদের মানুষ বন্যা ও নদী ভাঙ্গনের বিরুদ্ধে প্রতিনিয়ত লড়াই করে টিকে আছে। জেলা প্রশাসনসহ সরকারের প্রতিটি বিভাগ সর্বশক্তি নিয়োগ করে দুর্গত মানুষের পাশে থেকেছে। কুড়িগ্রাম জেলার সাধারণ মানুষের আত্নবিশ্বাস হতে উপলব্ধি করা যায় যে, বন্যাকে এলাকার মানুষ ভয় পায়না। তাঁরা বন্যাসহ সকল ধরনের প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করেই টিকে আছে। সরকার পাশে আছে উপলব্ধি করে তাদের মনোবল আরও বৃদ্ধি পায়। বন্যা/দুর্যোগ প্রতিরোধ করা যায় না কিন্তু সুষ্ঠু পরিকল্পনা ও সরকারের সকল বিভাগের আন্তরিক প্রচেষ্টায় বন্যার ক্ষতিকে কমিয়ে আনা যায় । তিনি বলেন, কুড়িগ্রাম জেলার সকল সরকারি দপ্তরের মধ্যে চমৎকার সমন্বয় থাকায় দুর্যোগ মোকাবিলায় সমন্বিত উদ্যোগ নেয়া সহজ হবে।

অতঃপর জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে আলোচনা/পর্যালোচনান্তে অতীত অভিজ্ঞতার ভিত্তিতে উপস্থিত সদস্যগণের মতামত ও নিম্নরূপভাবে পরিকল্পনা উপস্থাপন করা হয়।

## প্রাকৃতিক দুর্যোগে জেলা কর্মপরিকল্পনা

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | দুর্যোগ কর্মপরিকল্পনা | বিগত বন্যার আলোকে বন্যা প্রবণ এলাকা চিহ্নিতকরণ, এলাকায় ঝুঁকিতে থাকা পরিবারের তালিকা (ডাটাবেজ) তৈরীসহ পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ পরিকল্পনা, SoD অনুযায়ী দুর্যোগকালীন কর্মপরিকল্পনা তৈরী করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর নিকট প্রেরণ। এছাড়া মোবাইল ফোনে ১০৯৪১ নম্বরে কল করে বর্তমান আবহাওয়া পূর্বাভাস জানার জন্য উপজেলা/ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। বন্যার আগাম সতর্কতা প্রাপ্তির সাথে সাথে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, আনসার ও ভিডিপি, স্কাউট, উপজেলা/ইউনিয়ন পরিষদের মাধ্যমে মাইকিং করে এবং প্রতিটি মসজিদের মাইক ব্যবহার করে জনসাধারণকে অবহিত করা । এছাড়াও সকল উপজেলায় নৌকার তালিকাসহ মাঝির নাম্বার সংগ্রহ করা এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করা। | SoD অনুযায়ী দুর্যোগকালীন কর্মপরিকল্পনা, বন্যা প্রবণ এলাকা চিহ্নিতকরণ, এলাকায় ঝুঁকিতে থাকা পরিবারের তালিকা (ডাটাবেজ) তৈরী করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে এবং মোবাইল ফোনে ১০৯৪১ নম্বরে কল করে বর্তমান আবহাওয়া পূর্বাভাস জানার জন্য উপজেলা/ ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। বন্যার আগাম সতর্কতা প্রাপ্তির সাথে সাথে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, আনসার ও ভিডিপি, স্কাউট, উপজেলা/ ইউনিয়ন পরিষদের মাধ্যমে মাইকিং করে এবং প্রতিটি মসজিদের মাইক ব্যবহার করে জনসাধারণকে অবহিত করা । এছাড়াও সকল উপজেলায় নৌকার তালিকাসহ মাঝির নাম্বার সংগ্রহ করা এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করা। | মেয়র, পৌরসভা; চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা; চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল): কুড়িগ্রাম। |
| ২ | স্বাস্থ্য বিভাগ, কুড়িগ্রাম। | দুর্যোগকালীন আশ্রয়কেন্দ্র/ বন্যা দুর্গত এলাকায় মেডিকেল টিম গঠন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেটসহ প্রয়োজনীয় ঔষধ পত্র মজুদসহ প্রতিটি মেডিকেল টিমে ০১ জন করে ডাক্তার নিশ্চিত করা এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | দুর্যোগকালীন আশ্রয়কেন্দ্র মেডিকেল টিম গঠন ও পর্যাপ্ত ঔষধপত্র মজুদসহ প্রতিটি মেডিকেল টিমে ০১ জন করে ডাক্তার নিশ্চিত করা এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | সিভিল সার্জন, কুড়িগ্রাম। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩ | পুলিশ বিভাগ, কুড়িগ্রাম। | দুর্যোগকালীন সময়ে বিশেষ করে বন্যা আশ্রয় কেন্দ্র ও আক্রান্ত এলাকায় যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে সে বিষয়ে টিম গঠন, বন্যাকালীন সময়ে গরু চুরি, ডাকাতির ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগকালীন পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | দুর্যোগকালীন সময়ে বন্যা আশ্রয় কেন্দ্র ও আক্রান্ত এলাকায় যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে সে বিষয়ে টিম গঠনসহ নৌ টহল জোরদার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | পুলিশ সুপার, কুড়িগ্রাম। |
| ৪ | জনস্বাস্থ্য প্রকৌশল। | বন্যা দুর্গত এলাকার/ আশ্রয়কেন্দ্রের তালিকাসহ পর্যাপ্ত পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যা দুর্গত এলাকায়/ আশ্রয়কেন্দ্রে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ, পয়: নিস্কাশন ব্যাবস্থা এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুড়িগ্রাম। |
| ৫ | কৃষি বিভাগ, কুড়িগ্রাম। | বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকার ফসলের ক্ষয়ক্ষতি নিরূপন ও ক্ষতিগ্রস্তদের কৃষি পুনর্বাসন কার্যক্রমের বিষয়ে দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ফসলের ক্ষয়ক্ষতি নিরূপন ও ক্ষতিগ্রস্তদের কৃষি পুনর্বাসন কার্যক্রমের বিষয়ে দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৬ | মৎস্য বিভাগ, কুড়িগ্রাম। | বন্যার সময় মৎস্য সম্পদের ক্ষয়ক্ষতি যাতে কম হয় সে জন্য পুকুর জলাশয়ের মালিকদের পুকুর পাড় উঁচুকরণ ও প্রয়োজনে জাল দিয়ে ঘিরে মাছ রক্ষার ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান ও দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যার সময় মৎস্য সম্পদের ক্ষয়ক্ষতি যাতে কম হয় সে জন্য পুকুর জলাশয়ের মালিকদের পুকুর পাড় উঁচুকরণ ও প্রয়োজনে জাল দিয়ে ঘিরে মাছ রক্ষার ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান ও দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | জেলা মৎস্য অফিসার, কুড়িগ্রাম। |
| ৭ | প্রাণী সম্পদ বিভাগ, কুড়িগ্রাম। | বন্যার পূর্বে গবাদি পশু নিরাপদ স্থানে স্থানান্তরের জন্য কৃষক/খামারীদের পরামর্শ প্রদান ও বন্যা পরবর্তী সময়ে আক্রান্ত এলাকায় গবাদি পশুর চিকিৎসার জন্য চিকিৎসার ব্যবস্থা, সেচ্ছাসেবক টিম গঠন ও তাদেরকে যুব উন্নয়ন অধিদপ্তরের সহায়তায় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যার পূর্বে গবাদি পশু নিরাপদ স্থানে স্থানান্তরের জন্য পরামর্শ প্রদান ও বন্যা পরবর্তী সময়ে আক্রান্ত এলাকায় গবাদি পশুর চিকিৎসার জন্য চিকিৎসার ব্যবস্থা, সেচ্ছাসেবক টিম গঠন ও তাদেরকে যুব উন্নয়নের অধিদপ্তরের সহায়তায় প্রশিক্ষণের ব্যাবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | জেলা প্রাণী সম্পদ অফিসার, কুড়িগ্রাম। |
| ৮ | যুব উন্নয়ন বিভাগ, কুড়িগ্রাম। | বেকার যুবকদের গবাদি পশুর পরিচর্যা/চিকিৎসার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে সেচ্ছাসেবক দল গঠন এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বেকার যুবকদের গবাদি পশুর পরিচর্যা/চিকিৎসার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯ | পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম। | বাঁধের কোথায় কোন ফাটল/ছিদ্র আছে কিনা তা যাচাই করে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের তালিকা প্রস্তুত করে মেরামতকরণ ব্লক ও জিও ব্যাগ বৃদ্ধির বিষয়ে পরিমাণ উল্লেখপূর্বক সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে চাহিদা পত্র প্রেরণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বাঁধের কোথায় কোন ফাটল/ছিদ্র আছে কিনা তা যাচাই করে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের তালিকা প্রস্তুত করে মেরামতকরণ ব্লক ও জিও ব্যাগ বৃদ্ধির বিষয়ে পরিমাণ উল্লেখপূর্বক সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে চাহিদা পত্র প্রেরণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম ও লালমনিরহাট। |
| ১০ | এলজিইডি বিভাগ, কুড়িগ্রাম। | বন্যার সময় ক্ষতিগ্রস্ত রাস্তা, ব্রীজ-কালভার্ট, প্রাথমিক বিদ্যালয় নির্মাণ/মেরামতের ব্যবস্থা ও আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত বিদ্যালয়ে তালিকা প্রস্তুতসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যার সময় ক্ষতিগ্রস্ত রাস্তা, ব্রীজ-কালভার্ট, প্রাথমিক বিদ্যালয় নির্মাণ/মেরামতের ব্যবস্থা ও আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত বিদ্যালয়ে তালিকা প্রস্তুতসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম। |
| ১১ | সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম। | গত বছরের বন্যায় নাগেশ্বরী হতে ভুরুঙ্গামারী সড়ক পানি নিচে তলিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার ঘটনার পুনরাবৃত্তি রোধে সম্ভাব্য বন্যাক্রান্ত সকল রাস্তা মেরামতের ব্যবস্থা গ্রহণসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, সংশ্লিষ্ট চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার এর নিকট প্রেরণ। | যে সকল রাস্তা বন্যা হলে সংযোগ বিচ্ছিন্ন হওয়ার সম্ভাবনা রয়েছে সে সকল রাস্তা মেরামতের ব্যবস্থা গ্রহণসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম। |
| ১২ | জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ, কুড়িগ্রাম। | বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যালয়ভবন, নলকূপ, টয়লেট মেরামতের প্রয়োজনীয়তা বা ব্যবহার উপযোগী আছে কি না সে বিষয়ে মতামতসহ তালিকা প্রণয়ন ও মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের আগাম পরামর্শ প্রদান। প্রয়োজনে যে সকল বিদ্যালয় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে সেসকল বিদ্যালয়ের অতিরিক্ত চাবি চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সভাপতি, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এর নিকট রাখতে হবে। দুর্যোগকালীন পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যালয় ভবন, নলকূপ, টয়লেট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের আগাম পরামর্শ প্রদান। প্রয়োজনে যে সকল বিদ্যালয় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে সে সকল বিদ্যালয়ের অতিরিক্ত চাবি সংশ্লিষ্ট সকলের নিকট নিকট রাখাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/জেলা শিক্ষা কর্মকর্তা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম। |
| ১৩ | জেলা খাদ্য বিভাগ, কুড়িগ্রাম। | খাদ্য গুদামসমূহে পর্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য মজুদ, সঠিক ওজন এবং খাদ্যের গুনগতমান বজায় রাখা। দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | খাদ্য গুদামসমূহে পর্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য মজুদ, সঠিক ওজন এবং খাদ্যের গুনগতমান বজায় রাখা। দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৪ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুড়িগ্রাম। | জেলা/ উপজেলায় অগ্নিকান্ড সংঘটিত হলে দ্রুত ঘটনাস্থলে পৌছে আগুন নেভানোর ব্যবস্থা এবং অন্যান্য দুর্যোগে উদ্ধার তৎপরতায় অংশগ্রহণের জন্য সর্বদা প্রস্তুত থাকা এবং বিভিন্ন দুর্যোগে উদ্ধার তৎপরতার জন্য স্কুল, কলেজের শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদানসহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ কর্মপরিকল্পনা প্রস্তুত করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | জেলা/ উপজেলায় অগ্নিকান্ড সংঘটিত হলে দ্রুত আগুন নেভানোর ব্যবস্থা এবং অন্যান্য দুর্যোগে উদ্ধার তৎপরতায় অংশগ্রহণের জন্য সর্বদা প্রস্তুত থাকা এবং বিভিন্ন দুর্যোগে উদ্ধার তৎপরতার জন্য স্কুল,কলেজে শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদানসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | উপ- সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুড়িগ্রাম। |
| ১৫ | পরিসংখ্যান বিভাগ, কুড়িগ্রাম। | পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে বিগত বন্যার আলোকে চিহ্নিত বন্যাপ্রবণ এলাকার ঝুঁকিতে থাকা পরিবারের তালিকা (ডাটাবেজ) তৈরীর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা। আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে বিগত বন্যার আলোকে চিহ্নিত বন্যাপ্রবণ এলাকার ঝুঁকিতে থাকা পরিবারের তালিকা (ডাটাবেজ) তৈরীর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক, পরিসংখ্যান বিভাগ, কুড়িগ্রাম। |
| ১৬ | বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/ পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রাম। | বন্যা, টর্নেডো, ঘুর্ণিঝড় ও কালবৈশাখী ঝড়ের সময় ক্ষতিগ্রস্ত লাইন দুর্যোগের পর জরুরী ভিত্তিতে মেরামত করে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যা, টর্নেডো, ঘুর্ণিঝড় ও কালবৈশাখী ঝড়ের সময় ক্ষতিগ্রস্ত লাইন দুর্যোগের পর জরুরী ভিত্তিতে মেরামত করে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / জেরারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৭ | আনসার ও ভিডিপি, কুড়িগ্রাম। | যে কোন প্রাকৃতিক দুর্যোগের সময় উদ্ধার তৎপরতা ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দল গঠন ও প্রস্তুতকৃত দলের তালিকা উপজেলা/ পৌরসভা প্রশাসনের নিকট প্রেরণ ও সদস্যদের সজাগ থাকার জন্য অধিনস্থদের নির্দেশনা প্রদান এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | যে কোন প্রাকৃতিক দুর্যোগের সময় উদ্ধার তৎপরতা ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দল গঠন ও প্রস্তুতকৃত দলের তালিকা উপজেলা/ পৌরসভা প্রশাসনের নিকট প্রেরণ ও সদস্যদের সজাগ থাকার জন্য অধীনস্থদের নির্দেশনা প্রদান এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুড়িগ্রাম |
| ১৮ | টেলিফোন বিভাগ, কুড়িগ্রাম | বন্যা, টর্নেডো, ঘুর্ণিঝড় ও কালবৈশাখী ঝড়ের সময় ক্ষতিগ্রস্ত লাইন দুর্যোগের পর জরুরী ভিত্তিতে মেরামত করে টেলিফোন যোগাযোগ অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যা, টর্নেডো, ঘুর্ণিঝড় ও কালবৈশাখী ঝড়ের সময় ক্ষতিগ্রস্ত লাইন দুর্যোগের পর জরুরী ভিত্তিতে মেরামত করে টেলিফোন যোগাযোগ অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (ফোনস্), বিটিসিএল, কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৯ | বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম। | যে কোন প্রাকৃতিক দুর্যোগের সময় উদ্ধার তৎপরতা ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দল গঠন, প্রস্তুতকৃত দলের তালিকাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | যে কোন প্রাকৃতিক দুর্যোগের সময় উদ্ধার তৎপরতা ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দল গঠন, প্রস্তুতকৃত দলের তালিকাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম। |
| ২০ | রেডক্রিসেন্ট সোসাইটি, কুড়িগ্রাম। | বন্যা, ঘুর্ণিঝড়, টর্নেডো, কালবৈশাখী ইত্যাদি দুর্যোগের সময় রেডক্রিসেন্ট সোসাইটির সহায়তায় উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য রেডক্রিসেন্ট সোসাইটির স্বেচ্ছাসেবক দল গঠন করে গঠিত দলের তালিকা উপজেলা / পৌরসভার নিকট প্রেরণ ও সদস্যদের সজাগ থাকার পরামর্শ প্রদান এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | বন্যা, ঘুর্ণিঝড়, টর্নেডো, কালবৈশাখী ইত্যাদি দুর্যোগের সময় রেডক্রিসেন্ট সোসাইটির সহায়তায় উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের করতে হবে। স্বেচ্ছাসেবক দল গঠন করে গঠিত দলের তালিকা উপজেলা / পৌরসভার নিকট প্রেরণ ও সদস্যদের সজাগ থাকার পরামর্শ প্রদান এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক, রেডক্রিসেন্ট সোসাইটি, কুড়িগ্রাম। |
| ২১ | বে-সরকারি সংস্থা (এনজিও), কুড়িগ্রাম। | বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় ও দুর্যোগ পরবর্তী সময়ে সরকারি বিভাগের পাশাপাশি বে-সরকারি সংস্থা (এনজিও)সমূহ পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ। এছাড়া দুর্যোগকালীন ত্রাণ বিতরনের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ করাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ জেলা প্রশাসক, পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | দুর্যোগের সময় ও দুর্যোগ পরবর্তী সময়ে সরকারি বিভাগের পাশাপাশি দুর্যোগ সংশ্লিষ্ট বে-সরকারি সংস্থা (এনজিও)সমূহ পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ। এছাড়া দুর্যোগ ত্রাণ বিতরনের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ করতে হবে এবং দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে এ কার্যালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট বে-সরকারি সংস্থা (এনজিও) কর্তৃপক্ষ, কুড়িগ্রাম। |

## সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় মালামাল ও সরঞ্জামাদির বিবরণঃ

| | | |
|---|---|---|
| ▯ | জি,আর খাদ্যশস্য | ৩০০০.০০০ মেঃ টন। |
| ▯ | জি,আর ক্যাশ | ১,০০,০০,০০০/- টাকা। |
| ▯ | শুকনো খাবার | ২০,০০০ প্যাকেট। |
| ▯ | তাঁবু/ ত্রিপল | ৩০,০০০ টি। |
| ▯ | শাড়ী | ১,০০,০০০ পিস। |
| ▯ | লুঙ্গি | ১,০০,০০০ পিস। |
| ▯ | শিশু খাদ্য | ২০,০০০ পিস। |
| ▯ | পশু খাদ্য | ১৫,০০০ বস্তা। |
| ▯ | জি ও ব্যাগ | ১,০০,০০০ প্যাকেট। |

## দুর্যোগ ঝুঁকিহ্রাস করার জন্য নিম্নবর্ণিত পদক্ষেপ নেয়া প্রয়োজন:

- **নদী খনন ও ভাঙ্গন রোধ:** এ জেলা দিয়ে ব্রহ্মপুত্র, তিস্তা ও ধরলার মত প্রমত্তা নদী প্রবাহিত হয়েছে। নদীর নাব্যতা হ্রাস পাওয়ায় উজানের ঢল ও অল্প বৃষ্টিতেই বন্যা দেখা দেয়। বন্যার ঝুঁকিহ্রাস করার জন্য নদী খনন করা প্রয়োজন। এছাড়া ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার।
- **বন্যা নিয়ন্ত্রন বাঁধ:** এ জেলায় বন্যা নিয়ন্ত্রন বাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ জরুরী ভিত্তিতে পুণ: নির্মাণ/সংস্কার করা প্রয়োজন।
- ব্রীজ/কালভার্ট: বিভিন্ন উপজেলা/ইউনিয়নের মধ্য দিয়ে পানি নিষ্কাশনের জন্য একাধিকখাল বিদ্যমান। খাল পারাপার ও জলাবদ্ধতা দুরীকরণের জন্য ২০১৬-১৭ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে ১২০টি সেতু/কালভার্ট নির্মাণ করা হয়েছে এবং ২০১৭-১৮ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে ২১টি সেতু/কালভার্ট নির্মাণে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- **আশ্রয়কেন্দ্র:** বন্যা ব্যাপক আকার ধারণ করলে লোকজনকে আশ্রয় দেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক আশ্রয়কেন্দ্র নেই। বর্তমানে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের উপযোগী দ্বি-তল শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তাই দ্বিপচরগুলোতে প্রয়োজনীয় সংখ্যক আশ্রয়কেন্দ্র ও মুজিব কিল্লা নির্মাণ করা প্রয়োজন।

চলমান পাতা-৬

**এছাড়াও বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হয়:**

১. বন্যা/নদী ভাঙ্গনে প্রকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা সঠিকভাবে তৈরি করতে হবে। উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি বিষয়টি মনিটর করবেন।

২. বরাদ্দকৃত জিআর চাল/জিআর ক্যাশ ও শুকনো খাবার বিতরণে উপজেলা নির্বাহী অফিসার বা তার মনোনীত প্রতিনিধি, উপজেলা পরিষদ চেয়ারম্যান, আইন শৃংঙ্খলা বাহিনি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার ও রেডক্রিসেন্ট, স্কাউটসহ অন্যান্য বিভাগের উপস্থিতিতে ত্রাণ বিতরণ করতে হবে।

৩. ক্ষতিগ্রস্থদের তালিকা তৈরি এবং ত্রাণ সামগ্রী বিতরণে কোন অনিয়ম, অবহেলা না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে।

৪. প্রতিটি সরকারি বিভাগ বিশেষত পানি উন্নয়ন বোর্ড, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, প্রাণিসম্পদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সড়ক বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ দ্রুততম সময়ের মধ্যে তাদের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করে সভাপতিকে অবহিত করবে। বন্যার পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে সম্মিলিত পুনর্বাসন কর্মসূচি তৈরিপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

৫. পানিবন্দি মানুষজনকে নিরাপদ আশ্রয়ে নিয়ে আসার জন্য ব্যক্তি মালিকানাধীন কান্ট্রি বোটগুলোকে ব্যবহারের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনে রিকুইজিশন করতে পারবে।

৬. প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়সহ অন্য যে কোন সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং অবকাঠামোকে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য প্রস্তুত ও তা পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। প্রয়োজনের সময় ঐসব কেন্দ্রের চাবি যাতে চাওয়া মাত্র পাওয়া যায়, সে মর্মে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৭. উপজেলা নির্বাহী অফিসারগণ বন্যা পরিস্থিতি, ক্ষয়ক্ষতির বিবরণসহ ত্রাণ সামগ্রী বিতরণের রিপোর্ট প্রতিদিন সকাল ও বিকালে জেলা কমিটির সভাপতিসহ জেলা কন্ট্রোল রুমে প্রেরণ করবে। (কন্ট্রোলরুমের নম্বর নং-০৫৮১৬১৬৩০, মোবাঃ ০১৭৪০-৮২৪১১১, ০১৭২৩-৮৮৫৮৮৮)।

৮. বন্যার্তদের চিকিৎসার সুবিধার্থে সিভিল সার্জন ঔষধপত্র ও সরঞ্জামাদিসহ প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম গঠন করে সার্বক্ষণিক চিকিৎসা সেবা প্রদান করবেন। একই সঙ্গে তিনি কমিউনিটি ক্লিনিকগুলোকে সার্বক্ষণিক খোলা রাখার ব্যবস্থা করবেন।

৯. উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি জরুরি প্রয়োজনে হেলিপ্যাড হিসেবে ব্যবহারের জন্য কলেজ /স্কুল/ মাদ্রাসার মাঠ বা অন্য কোন উঁচু স্থানকে প্রস্তুত রাখতে হবে।

১০. উপজেলা নির্বাহী অফিসার প্রতিটি কাজে ফোকাল পয়েন্ট নির্দিষ্ট করে যোগাযোগের জন্য তাদের মোবাইল নম্বর সংগ্রহ করে রাখতে হবে।

১১. দুর্যোগকালে এবং দুর্যোগ পরবর্তী সময়ে নারী, শিশু, বৃদ্ধ ও প্রতিবন্ধীদের প্রতি সংশ্লিষ্ট সকলকে বিশেষ যত্নবান হতে হবে।

১২. বন্যা ও নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থদের মাঝে যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হচ্ছে তা সরকার তথা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রদান করা হচ্ছে মর্মে জেলা ও উপজেলা কমিটি কর্তৃক প্রচার করতে হবে এবং মিডিয়াকেও অবহিত করতে হবে।

১৩. পৌরসভা/ইউনিয়নভিত্তিক ট্যাগ অফিসারকে দুর্যোগকালীন করণীয়সমূহ সুনির্দিষ্ট করে দিতে হবে। ট্যাগ অফিসারগণ পৌরসভা/ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

১৪. দুর্গত লোকদের আশ্রয় প্রদানের জন্য এখনই আশ্রয়কেন্দ্রগুলো নির্দিষ্ট করে রাখতে হবে, যেন প্রয়োজনের সময় লোকজনকে অতি দ্রুত আশ্রয়কেন্দ্রে নিয়ে আসা যায়। কিছু লোক আশ্রয়কেন্দ্র ছাড়াও বাঁধ বা অন্য কোন জায়গায় আশ্রয় নিতে পারে। আশ্রয়কেন্দ্রসহ ঐ সকল জায়গার নিরাপত্তা, স্বাস্থ্য সেবা, স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবস্থার জন্য পূর্ব থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে।

১৫. স্থানীয় যুবক, স্কাউটস ও স্বেচ্ছাসেবকদের নিয়ে গ্রাম/মহল্লা/পাড়াভিত্তিক দুর্যোগ স্বেচ্ছাসেবক দল গঠন করা যেতে পারে। স্থানীয় পর্যায়ে কর্মরত এনজিওদের সহায়তা নিয়ে দুর্যোগ স্বেচ্ছাসেবক দলকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে দুর্যোগ বিষয়ে সতর্ক থাকার মূল্যবান পরামর্শ ও অভিমতের জন্য ধন্যবাদসহ প্রয়োজনে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৬/১৮

(মোছা: সুলতানা পারভীন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম ।
ফোন- ০৫৮১-৬১৬৪৫ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০২.১৭- ৪১০ তারিখঃ-২৮/০৬/২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্টতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।

৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।

৯। ....................................................................................কুড়িগ্রাম।

১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.................................. কুড়িগ্রাম।

১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....................................... কুড়িগ্রাম।

১২। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)............................কুড়িগ্রাম।

১৪। অফিস নথি।

২৮/০৬/১৮

(মোঃ ইয়াসির আরাফাত)
সহকারী কমিশনার
ও
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম।
ফোন নং- ০৫৮১-৬১৬৩০
ই-মেইল drro.kurigram@gmail.com
drrokurigram@ddm.gov.bd